# তথ্যের গোপনীয়তা এবং সুরক্ষার জন্য পিতামাতাদের অধিকারের সনদ
# (প্যারেন্টস বিল অভ রাইটস ফর ড্যাটা প্রাইভেসি অ্যান্ড সিকিউরিটি)

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) আপনার ও আপনার ছেলেমেয়েদের সম্পর্কে তথ্যের গোপনীয়তাকে গুরুত্বের সাথে গ্রহণ করে। কয়েকটি ফেডারেল ও স্টেট আইন ও প্রবিধান আপনার সন্তানের শিক্ষা সংক্রান্ত রেকর্ড ও ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য (পার্সোনালি আইডেন্টিফায়েবল ইনফর্মেশন) বা "PII"-এর গোপনীয়তা রক্ষা করে।

কয়েকটি ফেডারেল আইন রয়েছে যেগুলো আপনার সন্তানের PII-কে সুরক্ষা দেয়, সেগুলোর মধ্যে অন্তর্ভুক্ত পরিবারের শিক্ষাগত অধিকার এবং গোপনীয়তা বিষয়ক আইন (ফ্যামিলি এডুকেশনাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট, FERPA), ছেলেমেয়েদের অনলাইনে গোপনীয়তার সুরক্ষা বিষয়ক আইন (চিলড্রেন্স অনলাইন প্রাইভেসি প্রোটেকশন অ্যাক্ট, COPPA), শিক্ষার্থীর অধিকারের সুরক্ষার সংশোধন (প্রোটেকশন অভ পিপল রাইটস্ অ্যামেন্ডমেন্ট, PPRA), এবং প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের শিক্ষা সংক্রান্ত আইন (ইনডিভিজুয়ালস্ উইথ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট, IDEA)।

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা আইন 2-d একটি স্টেট আইন যা আপনার সন্তানের তথ্যের গোপনীয়তা রক্ষা করে এবং দায়-দায়িত্ব NYCPS ও বাইরের পক্ষ যারা NYCPS-এর কাছ থেকে আপনার সন্তানের তথ্য লাভ করে তাদের উপর ন্যস্ত করে। চ্যান্সেলরের প্রবিধান A-820 একটি স্থানীয় প্রবিধান যা শিক্ষার্থীর শিক্ষা সংক্রান্ত রেকর্ড গোপন রাখার জন্য আপনার অধিকার ও NYCPS-এর দায়-দায়িত্বের রূপরেখা প্রদান করে।

এসব আইন ও প্রবিধানসমূহের অধীনে, শিক্ষা সংক্রান্ত রেকর্ড ও PII সম্পর্কে পিতামাতা এবং 18 বছর ও এর বেশি বয়সী শিক্ষার্থীদের নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে। NYCPS এবং NYCPS-এর কাছ থেকে আপনার সন্তানের তথ্য লাভ করা বাইরের সংগঠনগুলো কর্তৃক সংরক্ষিত শিক্ষা সংক্রান্ত রেকর্ড ও তথ্যে এসব অধিকার প্রয়োগ হয়:

- **বিক্রি হওয়া কিংবা কোনো বাণিজ্যিক বা বিপণনের উদ্দেশ্যে ব্যবহৃত হওয়া থেকে আপনার সন্তানের তথ্য সুরক্ষিত রাখার অধিকার।**

  NYCPS এবং NYCPS-এর কাছ থেকে যেসব বাইরের সংগঠন আপনার সন্তানের তথ্য লাভ করে, কারা বাণিজ্যিক, বিপণন বা বিজ্ঞাপনের উদ্দেশ্যে আপনার সন্তানের তথ্য বিক্রি বা ব্যবহার করতে পারবে না।

- **45 দিনের মধ্যে আপনার সন্তানের শিক্ষা সংক্রান্ত রেকর্ড পরিদর্শন, ও পর্যালোচনা করার অধিকার।**

  শিক্ষা সংক্রান্ত রেকর্ডের জন্য আপনার প্রিন্সিপালের কাছে একটি লিখিত অনুরোধ (**শিক্ষার্থীর রেকর্ডের জন্য অনুরোধের ফর্ম** অনলাইন-এ লভ্য) জমা দিতে হবে। আপনার পরিচয় যাচাই করা এবং অনুরোধকৃত রেকর্ড পাওয়ার জন্য অনুমোদনের পর, NYCPS হয় অনুরোধকৃত রেকর্ডের একটি কপি প্রদান করবে অথবা সেগুলো আপনার পর্যালোচনার জন্য একটি সময় ও স্থানের ব্যবস্থা করবে।

- **যখন আপনি বিশ্বাস করেন আপনার সন্তানের শিক্ষা সংক্রান্ত রেকর্ড অশুদ্ধ, বিভ্রান্তিকর, অথবা আপনার সন্তানের গোপনীয়তার অধিকার খর্ব করে তখন তা পরিবর্তনের অনুরোধ জানানোর অধিকার।**

  আপনি যেসব রেকর্ডে পরিবর্তন চান, আপনি কেন বিশ্বাস করেন যে সেসব তথ্য বর্তমানে অশুদ্ধ, বিভ্রান্তিকর, অথবা শিক্ষার্থীর গোপনীয়তার অধিকার খর্ব করে, এবং আপনি যেসব পরিবর্তনের প্রস্তাব করেন, সেসব ব্যাখ্যা করে প্রিন্সিপালের কাছে রেকর্ড সংশোধনের জন্য আপনার লিখিত (ইমেইল গ্রহণযোগ্য) অনুরোধ জমা দিতে হবে। যদি NYCPS অনুরোধ অনুযায়ী শিক্ষা সংক্রান্ত রেকর্ড সংশোধন না করার সিদ্ধান্ত নেয়, তাহলে সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা ও একটি শুনানির জন্য অনুরোধ করা সম্পর্কিত তথ্য লাভ করবেন।

- **আপনার সন্তানের শিক্ষা সংক্রান্ত রেকর্ডের PII প্রকাশ করার আগে লিখিত সম্মতি আবশ্যক হওয়ার অধিকার।**

  তবে, কিছু কিছু ক্ষেত্রে, আইন পিতামাতার সম্মতি ছাড়াই প্রকাশ করার অনুমতি দেয়। এসব ব্যতিক্রম সম্পর্কে তথ্যের জন্য, দেখুন: https://www.schools.nyc.gov/about-us/policies/data-privacy-and-security-policies।

- **স্থানান্তর ও সংরক্ষণ প্রক্রিয়ায় থাকাকালে আপনার সন্তানের তথ্য যেন সুরক্ষিত থাকে, সেই অধিকার।**

  NYCPS এবং বাইরের যে পক্ষগুলো আপনার সন্তানের তথ্য লাভ করে, তাদেরকে অবশ্যই উপাত্ত (ড্যাটা) সুরক্ষার জন্য এনক্রিপশন, ফায়ারওয়াল, ও পাসওয়ার্ড সুরক্ষা (প্রোটেকশন)-এর মতো নিরাপত্তা ব্যবস্থা (সেফগার্ড) ব্যবহার করতে হবে। এসব নিরাপত্তা ব্যবস্থার অবশ্যই সংশ্লিষ্ট ক্ষেত্রের (ইন্ডাস্ট্রির) মান পূরণ করতে হবে, যার মধ্যে রয়েছে ন্যাশন্যাল ইন্সটিটিউট ফর স্ট্যান্ডার্ডস্ অ্যান্ড টেকনোলোজি (NIST) ফ্রেমওয়ার্ক ফর ইম্প্রুভিং ক্রিটিকেল ইনফ্রাস্ট্রাকচার সাইবারসিকিউরিটি ভার্সন 2.0।

- **আপনার সন্তানের PII-এ একটি অনুপ্রবেশ অথবা এর অননুমোদিত প্রকাশ করা হলে সেবিষয়ে অবহিত হওয়ার অধিকার।**

  আমরা আপনার সন্তানের তথ্যে অনুপ্রবেশ অথবা অননুমোদিত প্রকাশের ঘটনা জানার পরবর্তী 60 দিনের মধ্যে NYCPS আপনাকে অবহিত করবে, যদি না কোনো আইন প্রয়োগকারী সংস্থার তদন্তে সেটা অন্তরায় হয়।

- **আপনার সন্তানের PII-এ আশঙ্কাকৃত অনুপ্রবেশ ও এর অননুমোদিত প্রকাশ নিয়ে NYCPS এবং নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এ একটি অভিযোগ দায়ের করার অধিকার।**

  আপনি যদি NYCPS-এ একটি অভিযোগ দায়ের করেন, তবে আমরা সেটা পাওয়ার 60 দিনের মধ্যে আপনাকে একটি জবাব দেবো। আমাদের যদি জবাব দেয়ার জন্য 60 দিনের বেশি সময় প্রয়োজন হয়, তবে আমরা আপনাকে একটি ব্যাখ্যা এবং একটি জবাব দেয়ার আনুমানিক সময় জানিয়ে দেবো।

  NYCPS-এ যেখানে অভিযোগ জানানো যেতে পারে:

  Chief Privacy Officer<br>
  New York City Department of Education<br>
  52 Chambers Street, Room 308<br>
  New York, NY 10007<br>
  অথবা এই ঠিকানায় ইমেইল করে: Studentprivacy@schools.nyc.gov

  নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এ যেখানে অভিযোগ জানানো যেতে পারে:

  Chief Privacy Officer<br>
  New York State Education Department<br>
  89 Washington Avenue<br>
  Albany, NY 12234<br>
  অথবা এই ঠিকানায় ইমেইল করে: privacy@nysed.gov

- **আপনি যদি বিশ্বাস করেন NYCPS ব্যর্থ হয়েছে FERPA মেনে চলতে, তাহলে ইউনাইটেড স্টেটস্ ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এ একটি অভিযোগ দায়ের করার অধিকার।** US DOE-তে যেখানে অভিযোগ জানানো যেতে পারে:

  Student Privacy Policy Office<br>
  U.S. Department of Education<br>
  400 Maryland Avenue SW<br>
  Washington, DC 20202-8520<br>
  অথবা এই ঠিকানায় ইমেইল করে: FERPA.Complaints@ed.gov

- **বার্ষিক ভিত্তিতে আপনার অধিকারসমূহ সম্পর্কে অবহিত হওয়ার অধিকার।**

তদুপরি, NYCPS এসবের প্রতিজ্ঞা করে:

- আপনার সন্তানের তথ্য শুধু প্রয়োজন অনুযায়ী এবং শুধু শিক্ষাগত উদ্দেশ্যে অথবা আইন দ্বারা যেভাবে অনুমতি দেয়া আছে সেভাবেই সংগ্রহ ও প্রকাশ করা।
- শিক্ষার্থীর তথ্যের প্রতিটি ব্যবহার ও প্রকাশ NYCPS ও শিক্ষার্থীদের উপকার করে সেটা নিশ্চিত করা।
- PII সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং স্থানান্তর ন্যূনতম মাত্রায় নামিয়ে আনা।
- আপনার তথ্য যেসব NYCPS স্টাফের দেখান সুযোগ আছে, তাদেরকে বার্ষিক প্রশিক্ষণ প্রদান করা।
- বাইরের যেসব পক্ষ আপনার সন্তানের PII লাভ করে, তাদের সাথে NYCPS-এর লিখিত চুক্তিবদ্ধ হওয়া। বাইরের পক্ষসমূহ কীভাবে আপনার সন্তানের উপাত্ত গোপনীয় ও সুরক্ষিত রাখবে, চুক্তিটি তার রূপরেখা প্রদান করে।
- বাইরের যেসব পক্ষ NYCPS-এর কাছ থেকে শিক্ষার্থীর তথ্য লাভ করে, তাদের সাথে আমাদের চুক্তিগুলো সম্পর্কে সম্পূরক তথ্য পোস্ট করা। একটি বাইরের পক্ষ কী উপাত্ত সংগ্রহ করছে, তাদের উপাত্ত সংগ্রহের কারণ, এবং তারা উপাত্ত সুরক্ষার কেমন পরিকল্পনা করছে, সেসব তথ্যের জন্য দেখুন: https://www.schools.nyc.gov/about-us/policies/data-privacy-and-security-policies/supplemental-information-for-parents-about-doe-agreements-with-outside-entities.
- প্রয়োজনীয়তা শেষ হলে আপনার সন্তানের তথ্যের কপি রক্ষণাবেক্ষণ না করা।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট শিক্ষার্থীর যে উপাত্ত সংগ্রহ করে তার সবগুলোর একটি **পূর্ণ তালিকা আপনি খুঁজে পাবেন** https://www.nysed.gov/data-privacy-security/student-data-inventory-এ।